**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**গণগ্রন্থাগার অধিদপ্তর**

# জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ

**website : www.publiclibrary.sunamganj.gov.bd.com**

# ভবিষ্যত পরিকল্পনাসমূহ

| নং | বিষয় | বিবরণ |
|---|---|---|
| ১ | সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করা | সুনামগঞ্জ জেলার সর্বস্তরের জনগণকে বইপাঠে আগ্রহী করার মাধ্যমে সুশিক্ষিত, দায়িত্বশীল, সচেতন ও সুনাগরিক হিসেবে গড়ে তোলা। |
| ২ | গ্রন্থাগার ভবন উর্ধ্বমুখী সম্প্রসারণ | মধ্যমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিদ্যমান ভবনসমূহের উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ কার্যালয়ের বিদ্যমান ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণের মাধ্যমে অধিক পাঠকসেবা নিশ্চিত করা। |
| ৩ | প্রয়োজনীয় আসবাবপত্র ও যন্ত্রপাতি সংযোজন | স্বল্পমেয়াদি পরিকল্পনার আওতায় গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন বিদ্যমান গ্রন্থাগারসমূহে প্রয়োজনীয় আসবাবপত্র/যন্ত্রপাতি সরবরাহকরণ শীর্ষক কর্মসূচির আওতায় জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ কার্যালয়ের বিদ্যমান পাঠকক্ষে পাঠক প্রয়োজনীয় আসবাবপত্র/যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে অধিক পাঠকসেবা নিশ্চিত করা। |
| ৪ | অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন | গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় 'অনলাইন পাবলিক লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম এবং সংশ্লিষ্ট কাজ বাস্তবায়ন' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ কার্যালয়ের ডিজিটালাইজেশন সম্পন্ন করা। |
| ৫ | আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে গ্রন্থাগার সেবা প্রদান | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ঘোষিত ডিজিটাল বাংলাদেশ বিনিমার্ণের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে জেলা সরকারি গণগ্রন্থাগার, সুনামগঞ্জ কার্যালয়ে প্রয়োজনীয় সবধরণের আধুনিক তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করা। |
| ৬ | আধুনিক তথ্য-নির্ভর সমাজ বিনির্মাণ | আধুনিক সমাজ তথ্য নির্ভর সমাজ। তথ্য বিস্ফোরণের এই যুগে প্রতিনিয়ত নিত্য-নতুন তথ্য আমাদের জানতে হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির কল্যাণে আমরা খুব সহজেই আমাদের প্রয়োজনীয় তথ্যগুলো পেয়ে যাই। প্রযুক্তির এই আর্শীবাদকে কাজে লাগিয়ে গ্রন্থাগারকে জনগণের জন্য একটি তথ্যকেন্দ্র হিসেবে গড়ে তোলা। |
| ৭ | উপজেলা পর্যায়ে সরকারি গণগ্রন্থাগার স্থাপন | 'উপজেলা সংস্কৃতি কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পের অধীনে গণগ্রন্থাগার অধিদপ্তরের সহযোগিতায় সুনামগঞ্জ জেলার প্রতিটি উপজেলায় উপজেলা সরকারি গণগ্রন্থাগার প্রতিষ্ঠার মাধ্যমে উপজেলা গণগ্রন্থাগারের সুবিধা নিশ্চিত করা। |
| ৮ | শীতাতপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ নির্মাণ | সুনামগঞ্জকে একটি আলোকিত সমাজ উপহার দিতে অত্র গ্রন্থাগারে আগত আলোকিত সমাজের আলোকপিয়াসী পাঠকবর্গকে সুশিক্ষিত, স্বশিক্ষিত এবং প্রতিনিয়ত সমৃদ্ধ হতে আরামদায়ক পরিবেশে পাঠের নিমিত্তে শীতাতপ নিয়ন্ত্রিত পাঠকক্ষ নির্মাণ। |
| ৯ | মাল্টিপারপাস হল নির্মাণ | বিভিন্ন সেমিনার, সিম্পোজিয়াম, সিনেপ্লেক্স, আলোচনা সভা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি আয়োজনের জন্য একটি মাল্টিপারপাস হল নির্মাণ। |
| ১০ | প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শণী | মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিক্ষামূলক প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শণীর আয়োজন। |
| ১১ | সার্বিক উন্নতি সাধন | পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা এবং গ্রন্থাগারের সার্বিক পরিবেশের উন্নতি সাধন করা। |
| ১২ | সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠন | মানুষের মানবিক মূল্যবোধ জাগ্রতকরণ, উন্নত জীবনবোধ গঠন, চিন্তার স্বাধীনতা, বিবেকের স্বচ্ছতা, জ্ঞানের ব্যাপকতা, দেশপ্রেম, নীতি-নৈতিকতা, উন্নত চরিত্র এককথায় একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে উঠতে এবং সর্বোপরি একটি সুখী ও সমৃদ্ধ বাংলাদেশ গঠনে কাজ করা। |

# সর্বশেষ হালনাগাদের তারিখ : ৩ আগস্ট ২০২২ খ্রি.।